গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকারপল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ,
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থবছরেরর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), এর সকল সদস্যদের সমন্বয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. হুমায়রা সুলতানা

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) ও এপিএ টিম প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

সভার তারিখ ও সময় : ০৭/১২/২০২৩ সকাল ১০.০০ ঘটিকায়।

সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

উক্ত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **'পরিশিষ্ট-'ক'**।

সভাপতি উপস্থিত অত্র বিভাগের ২০২৩-২৪ অর্থবছরেরর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ), টিমের সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, ২০২৩-২৪ অর্থ বছরের ১ম প্রান্তিক সমাপ্ত হয়েছে এবং ২য় প্রান্তিকের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। আগামী ১৫/০১/২০২৪ তারিখের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে সে লক্ষ্যে এ সময়ের মধ্যে এপিএ'র সাথে সংশ্লিষ্ট সকল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অবস্থা যাচাইয়ের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। উপস্থিত সদস্যগণের নিকট নিজ নিজ কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হয়।

২. সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ), জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার যে সব সূচকের কার্যক্রম বাস্তবায়ন অক্টোবর/২০২৩-ডিসেম্বর/২০২৩ সময়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয়নি সে সব সূচকের বাস্তবায়নের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

২.১। **কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত সূচকসমূহের বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | সূচক: ২.১.১ সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন **লক্ষ্যমাত্রা: ৬টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জুলাই-নভেম্বর সময়ে ৩টি লার্নিং সেশন আয়োজন করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এপিএ বাস্তবায়নের জন্য প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ৩য় কোয়ার্টারে আরও ৩টি লার্নিং সেশন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২ | সূচক: ২.১.২ আয়োজিত সেমিনার/কর্মশালা বাস্তবায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা: ৫টি | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের জুলাই-নভেম্বর সময়ে ৩টি সেমিনার/কর্মশালার আয়োজন করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৩য় প্রান্তিকে ২টি সেমিনার/কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সূচক: ২.১.৩<br><br>পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের নিমিত্ত কমিটি গঠন সংক্রান্ত।<br><br>**লক্ষ্যমাত্রা: ৩০.০৬ ২০২৪** | এপিএ'এর সংযোজনী-২ অনুসারে এই সূচকটি বাস্তবায়নের জন্য বিআরডিবি, পিডিবিএফ ও এসএফডিএফ এর মাঠকর্মীদের মধ্য হতে একজন শ্রেষ্ঠ পুরুষ ও একজন নারী মাঠকর্মী/ মাঠসংগঠক-কে এ বিভাগের পক্ষ হতে স্বীকৃতি/সম্মাননা প্রদান করা হবে। প্রাথমিকভাবে সংশ্লিষ্ট তিনটি দপ্তর/সংস্থা হতে মনোনীত ছয়জন মাঠকর্মীদের মধ্য হতে ২জন-কে এ বিভাগের একজন অতিরিক্ত সচিবের নেতৃত্বে গঠিত কমিটির মাধ্যমে চূড়ান্ত করা হবে। কমিটির সুপারিশের ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে স্বীকৃতি/সম্মাননা প্রদান করা হবে। | পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় বিআরডিবি, পিডিবিএফ ও এসএফডিএফ এর মাঠকর্মীদের মধ্য হতে একজন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/মাঠসংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা প্রদানের বিষয়ে এ বিভাগ কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি কর্তৃক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (আ: ও প্রতি:), উপসচিব (বাজেট), সিনিয়র সহকারী সচিব (প্রতি:-১) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ৪. | সূচক: ২.১.৪<br><br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীদের (১০ম গ্রেড- ২০তম গ্রেড) শূন্যপদ পূরণকৃত।<br><br>**লক্ষ্যমাত্রা: ৭০%** | উপসচিব (প্রশাসন) বলেন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীদের (১০ম গ্রেড- ২০তম গ্রেড) শূন্যপদ পূরণের লক্ষ্যে প্রশাসনিক আদেশ প্রদান করা হয়েছে এবং বিভাগীয় নির্বাচন কমিটি গঠন করা হয়েছে। অত্র বিভাগের ১১-২০ গ্রেডের বিভিন্ন পদে সরাসরি জনবল নিয়োগ/পদোন্নতির জন্য বিভাগীয় নির্বাচন কমিটির সভা ১৪/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। | নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে এবং ১৫ই জুন ২০২৪ এর মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৫. | সূচক: ২.৩.১<br><br>শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। | শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য বাঙলা ভাষা বাস্তবায়ন কোষে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর, খসড়া আইনটি এপিএ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা/সময়ের মধ্যে আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান)/সিনিয়র সহকারী সচিব (প্রতিষ্ঠান-১ শাখা),<br><br>পল্লী উন্নয়ন ও |
| ৬. | সূচক: ২.৩.২<br><br>সমবায় সমিতি আইন (সংশোধিত) -২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত। | সমবায় সমিতি আইন (সংশোধিত) ২০২৩ এর খসড়া আইনটি মন্ত্রিপরিষদ বিভাগের আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষা সংক্রান্ত কমিটিতে ২৬.০৯.২০২৩ তারিখে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | সমবায় সমিতি আইন (সংশোধিত) -২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/ উপসচিব (প্রশাসন শাখা-২), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | সূচক: ২.৪.১<br><br>কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শন প্রতিবেদন দাখিল সংক্রান্ত।<br><br>**লক্ষ্যমাত্রা: ৩০টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জুলাই-নভেম্বর পর্যন্ত সময়ে শুধুমাত্র ৯টি পরিদর্শন সম্পন্ন করা হয়েছে। এই সূচক এর অর্জন সন্তোষজনক নয়। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের এই সূচকের অর্জনের জন্য পরিদর্শনের সংখ্যা আরো বাড়াতে হবে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে পরিদর্শনপূর্বক প্রতিবেদন ও প্রমাণক এ বিভাগের এপিএ শাখায় দাখিলের জন্য পুনরায় পত্র প্রেরণ করতে হবে। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, উপসচিব (বাজেট) এবং এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

## ২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) কর্মপরিকল্পনার সূচকমুহের বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশ গ্রহণে অনুষ্ঠিত সভা<br><br>**লক্ষ্যমাত্রা- ২টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ১টি অংশীজনের সভা আয়োজন করতে হবে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় প্রান্তিকে ১টি সভা ৯/১২/২০২৩ তারিখে আয়োজনের বিষয়ে সময় নির্ধারণ করা হয়েছে। | ফোকাল পয়েন্ট /বিকল্প ফোকাল পয়েন্ট এনআইএস পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২. | [২.৫.২] প্রকল্পের সম্পদ (যানবাহন) বিধি মোতাবেক হস্তান্তর<br><br>**লক্ষ্যমাত্রা-**<br><br>৩১.০৮.২০২৩<br>২৯.০২.২০২৩ | ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত হওয়া বিআরডিবির ৩টি, পিডিবিএফ এর ১টি এবং মিল্কভিটার ১টি প্রকল্পের যানবাহন যথাযথ নিয়মে নির্ধারিত সময়ের মধ্যে (৩১.০৮.২০২৩) পরিবহনপুলে জমা প্রদান করা হয়নি বিধায় এ বিষয়ে নির্ধারিত ৫ নম্বর না পাওয়ার আশাঙ্খা দেখা দিয়েছে। সেকারণে এবিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে লিখিত পত্রের বিষয়ে মতামত পাওয়া অতীব গুরুত্বপূর্ণ।<br><br>এছাড়া, আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বিআরডিবি'র যে ১টি প্রকল্প সমাপ্ত হবে, এর সকল যানবাহন ২৯.০২.২০২৪ তারিখের মধ্যে পরিবহন পুলে জমা প্রদান করা হলে আংশিক নম্বর পাওয়া যেতে পারে। | ক) আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে বিআরডিবি'র যে ১টি প্রকল্প সমাপ্ত হবে এর সকল যানবাহন (যদি থাকে) তা আগামী ২৯.০২.২০২৪ তারিখের মধ্যে পরিবহন পুলে জমা প্রদান করার জন্য বিআরডিবি'র মহাপরিচালক-কে অনুরোধ করা যেতে পারে;<br><br>খ) প্রকল্পের সম্পদ (যানবাহন) হস্তান্তরের বিষয়ে পরিপত্রের সাথে বিআরডিবি'র আইনের ভিন্নতা থাকার বিষয়টি জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে লিখিত পত্রের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে জানার জন্য ঐ মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ/পুনরায় পত্র প্রদান করতে হবে। | বিকল্প ফোকাল পয়েন্ট এনআইএস/<br><br>উপসচিব/সহকারী সচিব (পরি-১/৪), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | [৩.২] ৫টি অগ্রাধিকারমূলক প্রকল্পের কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণ<br><br>**লক্ষ্যমাত্রা- ৫টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ৫টি অগ্রাধিকারমূলক প্রকল্প পরিদর্শন জন্য পৃথক পৃথক ২টি কমিটি গঠন করে বছরে ন্যুনতম দুইবার পরিদর্শনের আদেশ প্রদান করা হয়। এছাড়া, পরিদর্শন প্রতিবেদন প্রণয়নের জন্য ছক প্রস্তুত করা হয়। ২টি কমিটি কর্তৃক জুলাই-নভেম্বর সময় পর্যন্ত কোন পরিদর্শন করা হয়নি। | সংশ্লিষ্ট কমিটিসমুহ-কে ২য় প্রান্তিকের মধ্যে একবার পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করার জন্য পত্র প্রদান করতে হবে। | বিকল্প ফোকাল পয়েন্ট এনআইএস, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৪. | [৩.৩] সমবায় অধিদপ্তরের আওতাধীন সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রমে স্বচ্ছতা আনয়ন<br><br>**লক্ষ্যমাত্রা- ৪টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ৫টি সমবায় সমিতি পরিদর্শন জন্য পৃথক পৃথক ২টি কমিটি গঠন করে বছরে ন্যুনতম দুইবার পরিদর্শনের আদেশ প্রদান করা হয়। এছাড়া, পরিদর্শন প্রতিবেদন প্রণয়নের জন্য ছক প্রস্তুত করা হয়। ২টি কমিটি কর্তৃক জুলাই-নভেম্বর সময় পর্যন্ত ৩টি সমিতি পরিদর্শন করা হয়েছে। | সংশ্লিষ্ট কমিটিসমুহ-কে ২য় প্রান্তিকের মধ্যে একবার পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করার জন্য পত্র প্রদান করতে হবে। | বিকল্প ফোকাল পয়েন্ট এনআইএস, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৫. | [৩.৪] আওতাধীন দপ্তর/সংস্থাসমুহের ঋণ বিতরণ কাজে কাজে স্বচ্ছতা নিশ্চিতকরণ<br><br>**লক্ষ্যমাত্রা- ১০টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ১২ জন কর্মকর্তা-কে দায়িত্ব প্রদান করা হয়েছিলো। কিন্তু ১ম প্রান্তিকে মাত্র ৩টি পরিদর্শন সম্পাদিত হয়েছে। | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে ২য় প্রান্তিকের মধ্যে পরিদর্শন সম্পন্ন করে প্রতিবেদন প্রদান করার জন্য পত্র প্রদান করতে হবে। | বিকল্প ফোকাল পয়েন্ট এনআইএস, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

**২.৩ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি:**

| **ক্র. নং** | **আলোচ্য বিষয়** | **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|
| ১. | [১.৫.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা/সভা/সেমিনার আয়োজিত<br><br>**লক্ষ্যমাত্রা- ৪টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জুলাই-নভেম্বর সময়ে ১টি কর্মশালা ও ১টি সভা আয়োজন করা হয়েছে। | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এপিএ বাস্তবায়নের জন্য প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ৩য় ও ৪র্থ প্রান্তিকে ১টি করে কর্মশালা/সভা/সেমিনার এর আয়োজন করতে হবে। | ফোকাল পয়েন্ট ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২. | [২.২.১] কর্মপরিকল্পনা | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী | ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক | ফোকাল পয়েন্ট, |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত<br><br>**লক্ষ্যমাত্রা- ২টি** | ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জুলাই-অক্টোবর সময়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এপিএ বাস্তবায়নের জন্য প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ৩য় প্রান্তিকে ১টি প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে। | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৩. | [২.২.৩] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের আলোকে নিজ দপ্তরে লার্নিং সেশন আয়োজন<br><br>**লক্ষ্যমাত্রা- ২৮.০২.২০২৪** | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর গাইডলাইন অনুসারে এই সূচকটি বাস্তবায়নের জন্য লক্ষ্যমাত্রায় নির্ধারিত ২৮.০২.২০২৪ এর মধ্যে প্রথমে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করতে হবে এবং ঐ উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের অভিজ্ঞতার আলোকে নিজ দপ্তরে একটি লার্নিং সেশন এর আয়োজন করতে হবে। | প্রথমে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত এপিএ টিমের সদস্যগণ কর্তৃক একটি পরিদর্শন করতে হবে। পরবর্তীতে উদ্ভাবনী উদ্যোগ এর পরিদর্শনের অভিজ্ঞতার আলোকে নিজ দপ্তরে একটি লার্নিং সেশনে লব্ধ অভিজ্ঞতা বিনিময় করবেন।<br><br>উপরোক্ত কার্যক্রম সমূহ ২৮/০২/২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | ফোকাল পয়েন্ট, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

**২.৪ তথ্য অধিকার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | [২.৩] তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ<br><br>**লক্ষ্যমাত্রা- ৩ টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-অক্টোবর সময়ে তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সম্পর্কিত কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত অনুযায়ী ২য়, ৩য় ও ৪র্থ প্রান্তিকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ১টি করে জনসচেতনতা বৃদ্ধিকরণ মূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার কর্মপরিকল্পনা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২. | [২.৩] তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্ব-প্রনোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন<br><br>**লক্ষ্যমাত্রা- ২ টি** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-অক্টোবর সময়ে তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিমালা, প্রবিধিমালা সম্পর্কে কোন প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়নি। | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ২য় ও ৩য় প্রান্তিকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী নির্দ্ধারিত সময়ের মধ্যে ১টি করে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, তথ্য অধিকার কর্মপরিকল্পনা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

## ২.৫ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | [২.১] নিজ অফিস ও আতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস বিষয়ক প্রশিক্ষণ<br><br>**লক্ষ্যমাত্রা-২** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জিআএস বিয়য়ক ১ম ও ২য় প্রান্তিকের ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ২. | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন<br><br>লক্ষ্যমাত্রা-২ | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের জুলাই-নভেম্বর সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে কোন অবহিতকরণ সভা আয়োজন করা হয়নি। | এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত এপিএ বাস্তবায়নের জন্য প্রণীত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ২য় ও ৩য় প্রান্তিকে ২টি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেক হোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন<br><br>করতে হবে। | ফোকাল পয়েন্ট এপিএ/ উপসচিব (প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

## ২.৬ সেবা প্রদান প্রতশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | [২.২] সেবা প্রদান বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মচারিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার<br>**লক্ষ্যমাত্রা-১** | এই সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে জুলাই-নভেম্বর পর্যন্ত সেবা প্রদান বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মচারিদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা হয়েছে। | প্রশিক্ষণের প্রমাণক সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. হুমায়রা সুলতানা)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
ও
এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।